13 MAR 1994

তারিখ 13 MAR 1994
পৃষ্ঠা ২ কলাম ১

আজকের কাগজ

143

# সরকারি কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতির জাতীয় সম্মেলন ২৬ মার্চ

বাংলাদেশ সরকারি কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতির বিশেষ জাতীয় সম্মেলন আগামী ২৬ মার্চ সকাল ১০টায় মীরপুর সরকারি বাংলা কলেজে অনুষ্ঠিত হবে। ২৭ মার্চ থেকে শুরু হবে অনির্দ্দিষ্টকালের জন্য কর্মবিরতি। সম্মেলন ও কর্মবিরতি সফল ও পদোন্নতির জন্যে ডিপিসি মিটিং-এর অগ্রগতি নিয়ে ২১ মার্চ বাংলা কলেজে বিকাল ৩টায় বর্ধিত সভা অনুষ্ঠিত হবে।

সমিতি জানায়, গত ১০ মার্চ দৈনিক ইনকিলাব ও ইত্তেফাকে প্রকাশিত ঢাকা কলেজ অধ্যাপক ও প্রভাষক সমিতির মিটিং-এ সংবাদে তারা বিস্মিত।

সমিতির নেতারা আভ্যন্তরিণ সংকট গণতান্ত্রিক উপায়ে নিরসনের আহবান জানান। তারা সমিতির বিভিন্ন বিষয় আলোচনার জন্যে ২১ মার্চের কার্যনির্বাহী সভায় সংশ্লিষ্ট সকলকে অংশগ্রহণেরও আহবান জানান। খবর বিজ্ঞপ্তির।